গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বন্দর, নারায়ণগঞ্জ।

স্মারক নং- ০৫.৪১.৬৭০৬.০০০.৩৪.০০১.২০-১৭৮

তারিখঃ ০৪ চৈত্র ১৪৩০ / ১৮ মার্চ ২০২৪

## "ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের ও হাট বাজার ইজারাদারদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বন্দর উপজেলার নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের জন্য ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সরকারি নীতিমালা অনুযায়ী সিডিউলে বর্ণিত নিম্নোল্লিখিত শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী দরদাতাগণের নিকট হতে সীলমোহরযুক্ত বন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত "ছক" মোতাবেক দরপত্র ফরমসমূহ বিক্রয় ও গ্রহণ করা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল প্রকার দরপত্র বাতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

| ক্রমিক নং | সায়রাত মহালের নাম | ইউনিয়ন | ১৪২৮ বাংলা সনের ইজারা মূল্য | ১৪২৯ বাংলা সনের ইজারা মূল্য | ১৪৩০ বাংলা সনের ইজারা মূল্য | ১৪৩১ বাংলা সনের সর্বনিম্ন ইজারা মূল্য | দরপত্র মূল্য | জামানতের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৬ | ৭ | ৭ | | ৮ | ৯ |
| ১ | সাবদী দৈনিক বাজার | কলাগাছিয়া | ৫৩,০০০ | ৫৪,০০০ | ৫৫,১০০ | ৫৮,৫০০ | ৫০০/- | উদ্ধৃত দরের ৩০% |
| ২ | লাঙ্গলবন্দ দৈনিক বাজার | মুছাপুর | ৪,১৫,০০০ | ৪,৯০,৩৫০ | ৫,২০,০০০ | ৫,৫১,২০০ | ১৬০০/- | -ঐ- |
| ৩ | বন্দর চৌধুরীবাড়ী দৈনিক বাজার | বন্দর | ২৫,০০০ | ২৩,০০০ | ২৪,১০০ | ২৫,৫০০ | ৫০০/- | -ঐ- |

### "দরপত্র দাখিলের ক্যালেন্ডার"

| বিবরণ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ১০ চৈত্র, ১৪৩০ বাং ২৪ মার্চ ২০২৪ খ্রিঃ | ২৫ মার্চ ২০২৪ খ্রিঃ দুপুর ১:০০ টা | ২৫ মার্চ ২০২৪ খ্রিঃ দুপুর ২:০০ টা | - |
| ২য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৪ চৈত্র, ১৪৩০ বাং ২৮ মার্চ ২০২৪ খ্রিঃ | ৩১ মার্চ ২০২৪ খ্রিঃ দুপুর ১:০০ টা | ৩১ মার্চ ২০২৪ খ্রিঃ দুপুর ২:০০ টা | - |
| ৩য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৯ চৈত্র, ১৪৩০ বাং ০২ এপ্রিল ২০২৪ খ্রিঃ | ০৩ এপ্রিল ২০২৪ খ্রিঃ দুপুর ১:০০ টা | ০৩ এপ্রিল ২০২৪ খ্রিঃ দুপুর ২:০০ টা | - |

ইজারা বন্দোবস্ত এর দরপত্র সমূহ প্রতিদিন অফিস চলাকালীন সময়ে (ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বন্দর (খ) সহকারী কমিশনার ভূমি, বন্দর এর কার্যালয় (গ) অফিসার ইনচার্জ, বন্দর থানা (ঘ) সোনালী ব্যাংক, মদনগঞ্জ শাখা (ঙ) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর কার্যালয় হতে নগদমূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ক্রয় করা যাবে এবং নির্ধারিত তারিখে উক্ত স্থানসমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে।

### শর্তাবলীঃ

১. বাংলা ১৪৩১ সনের জন্য (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) ০১ বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
২. দরদাতাকে দরপত্রের সাথে উদ্বৃত্ত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা হাট-বাজার নিজ খরচে নিয়মিত পরিষ্কার না করলে বা হাট-বাজারের অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মেটানো হবে। হাট-বাজার ইজারার মেয়াদ সমাপনান্তে অব্যবহৃত টাকা জামাদানকারীর বরাবরে প্রত্যর্পন করা হবে।
৩. দরপত্র গৃহীত হবার সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরে ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্যের (অতিরিক্ত ৬%) হতে কম হয় তাহলে পুণরায় দরপত্র আহ্বান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান করা সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্যের (অতিরিক্ত ৬%) হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।
৫. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। সিডিউল এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্ন্তভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
৬. খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৭. সরকার অনুমোদিত টোলরেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজরাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টানিয়ে প্রচার করবে।
৮. প্রত্যেক হাট-বাজরের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
৯. ইজারাদার কোনক্রমে হাট-বাজার অন্যের নিকট সাবলীজ দিতে পারবে না। যদি অনুরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রে শর্ত লংঘন করা হয় তাহলে ইজরা বাতিল বলে গণ্য হবে।
১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের পর ইজারা আদেশ প্রাপ্তির লক্ষ্যে ৩০০/- (তিনশত) টাকা নন জুডিশিয়াল ষ্ট্যামে ইজারাদার কর্তৃক কর্তৃপক্ষের সাথে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
১১. দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৫. হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।
১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮/০৩/২০২৪

(এম.এ. মুহাইমিন আল জিহান)
উপজেলা নির্বাহী অফিসার
বন্দর, নারায়ণগঞ্জ।
ফোন নং- ৭৬৬১১৩৬
unobondor@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বন্দর, নারায়ণগঞ্জ।

স্মারক নং- ০৫.৪১.৬৭০৬.০০০.৩৪.০০১.২২-২৭৮ (৫০)

তারিখ ঃ ০৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

*অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে -*

১. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
২. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ।
৩. সহকারী কমিশনার (ভূমি), বন্দর, নারায়ণগঞ্জ।
৪. অফিসার ইনচার্জ, বন্দর থানা, নারায়ণগঞ্জ।
৫. উপজেলা ............................................................ অফিস, বন্দর, নারায়ণগঞ্জ।
৬. ব্যবস্থাপক, সোনালী/কৃষি/জনতা ব্যাংক,................................. শাখা, বন্দর, নারায়ণগঞ্জ।
৭. চেয়ারম্যান, মুছাপুর/বন্দর/কলাগাছিয়া ইউনিয়ন পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ।
৮. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, বন্দর, নারায়ণগঞ্জ। বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় ছাপানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................ ইউনিয়ন ভূমি অফিস, বন্দর, নারায়ণগঞ্জ। তাঁকে ইজারা বিজ্ঞপ্তিটি মাইকযোগে তার এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০. ব্যবস্থাপক/পরিচালক, বন্দর ক্যাবল নেটওয়ার্ক, বন্দর বাজার, বন্দর, নারায়ণগঞ্জ। তাঁকে ইজারা বিজ্ঞপ্তিটি ক্যাবল নেটওয়ার্কে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১. জনাব .......................................... ইজারাদার.......................................... হাট-বাজার, বন্দর, নারায়ণগঞ্জ।
১২. সভাপতি/সম্পাদক, ................................................................ বাজার কমিটি, বন্দর, নারায়ণগঞ্জ।

১৮/০৩/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
বন্দর, নারায়ণগঞ্জ।